গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লৌহজং, মুন্সীগঞ্জ।
louhajanj.munshiganj.gov.bd

স্মারক নং ০৫.৩০.৫৯৪৪.০০০.০০০.৯৯.০০০৩.২৬.৬৮ | তারিখঃ ২২/০৭/২০২৬খ্রি.

## ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট ২০২৬-১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে লৌহজং উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র.নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকার ভিত্তিক যোগ্যতার বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যুনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা<br>ঘ) যুব উন্নয়ন অধিদপ্তর বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে দক্ষতার প্রশিক্ষণ প্রাপ্ত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| **ক্র.নং** | **পদের ধরণ** | **আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা** | **দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্বঃ** | **অযোগ্যতা** | **প্রয়োজনীয় কাগজপত্র** |
| ০২ | সুপারভাইজার<br>(প্রতি ০৯জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | ক) ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা<br>চ) যুব উন্নয়ন অধিদপ্তর বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে দক্ষতার প্রশিক্ষণ প্রাপ্ত | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ,ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, লৌহজং, মুন্সীগঞ্জ ও উপজেলা সমাজসেবা কার্যালয়, লৌহজং, মুন্সীগঞ্জ এর ওয়েবসাইটে পাওয়া যাবে লিংক **https://dss.louhajanj.munshiganj.gov.bd**

**আবেদন ফরম দাখিলের স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, লৌহজং, মুন্সীগঞ্জ ।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ**

| ক্র.নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৬/০৭/২০২৬খ্রি. সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত | ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৬/০৭/২০২৬খ্রি. সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২৮/০৭/২০২৬খ্রি. সকাল ১০.০০ ঘটিকা |

শর্তাবলীঃ

১) তথ্য সংগ্রহকারীগণকে শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যুনতম ০৮ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন অবহেলা করা যাবেনা।
৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

২২/০৭/২৬

(ফারজানা ববি মিতু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
লৌহজং, মুন্সীগঞ্জ।
মোবাইল: +৮৮০১৭৬২৬৮৭২৫৯
Email: unolouhajong@mopa.gov.bd

তারিখঃ ২২/০৭/২০২৬খ্রি.

স্মারক নং ৪১.০১.৫৯৪৪.০০০.২০.১৯৭.২৬.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, ১৭২ মুন্সীগঞ্জ-২ (লৌহজং-টঙ্গীবাড়ি)।
২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
৫। সহকারী কমিশনার (ভূমি), লৌহজং, মুন্সীগঞ্জ।
৬। অফিসার ইনচার্জ, লৌহজং থানা, মুন্সীগঞ্জ।
৭। সদস্য.........................................., ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, লৌহজং, মুন্সীগঞ্জ।
৮। সদস্য.........................................., ফ্যামিলি কার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, লৌহজং, মুন্সীগঞ্জ।
০৯। উপজেলা..........................................কর্মকর্তা, লৌহজং, মুন্সীগঞ্জ।
১০। চেয়ারম্যান,..........................................ইউপি (সকল) লৌহজং।
১১। জনাব.......................................... ।
১২। অফিস নথি।

২২/০৭/২৬

(মো. উজ্জ্বল মুন্সী)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্যসচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
লৌহজং, মুন্সীগঞ্জ।
মোবাইল: +৮৮০১৯১১০০৮২২৪